otal No. of Printed Pages—5

**4 SEM TDC BNL MIL (A) 1**

DIBRU COLLEGE CENTRAL LIBRARY ESTD. 1963 DIBRUGARH

**2 0 1 7**

( May )

BENGALI

( Modern Indian Language )

Course : 401

**( Arts )**

Time : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

৮০ মূল্যাঙ্কের ক, খ, গ এবং ঘ বিভাগ নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

পূর্ণমান : 80

উত্তীর্ণমান : 32/24

১০০ মূল্যাঙ্কের ক, খ, গ, ঘ এবং ঙ বিভাগ অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

পূর্ণমান : 100

উত্তীর্ণমান : 40/30

## ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) ইন্দ্রনাথের সঙ্গে শ্রীকান্তের প্রথম দেখা কোথায় হয়েছিল ?

(খ) অন্নদাদিদির স্বামীর নাম কি ?

17(6)

(গ) "বড় প্রেম শুধু কাছেই টানে না ইহা দূরেও ঠেলিয়া ফেলে।" বক্তা কে?

(ঘ) শ্রীনাথ (ছিনাথ) বহুরূপীর বাড়ী কোথায়?

(ঙ) পিয়ারী বাইজির খানসামার নাম কি?

(চ) নতুনদা কে ছিলেন?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) 'শ্রীকান্ত' উপন্যাস অবলম্বনে শ্রীকান্তের চরিত্র-বৈশিষ্ট্য আলোচনা কর।

(খ) "নারীচিত্তে প্রণয়াকাঙ্ক্ষা ও ধর্মবুদ্ধি এই দুই শক্তির মধ্যে যে নিরন্তর দ্বন্দ্ব চলেছে, শরৎচন্দ্র তাকেই রূপ দিয়েছেন অন্নদাদিদির চরিত্রে।" সমালোচকের উক্তিটির আলোকে অন্নদাদিদির চরিত্রটি আলোচনা কর।

(গ) "শ্রীকান্ত উপন্যাস প্রধানত ব্যক্তিগত কাহিনী। তবুও এতে সমাজের যে দু-একটি খণ্ডচিত্র পাওয়া যায় তা খুবই তাৎপর্যপূর্ণ।" মন্তব্যটি যথাযথ বিশ্লেষণ কর।

৩। সংক্ষেপে বর্ণনা কর (যে-কোন একটি) : ৪

(ক) নতুনদার চরিত্র

(খ) শ্রীকান্তের মহাশ্মশান অভিযান

(গ) ইন্দ্রনাথ





17(4)

## খ—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

৪। এক কথায় উত্তর দাও (যে কোন চারটি) : ১×৪=৪

(ক) 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থটির রচয়িতা কে?

(খ) 'কুমারসম্ভব' কোন্ শ্রেণীর কাব্য?

(গ) বঙ্কিমচন্দ্রের মতে কাব্য কয় প্রকার?

(ঘ) মিরন্দার পিতার নাম কি?

(ঙ) দেস্‌দিমোনা কে?

৫। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) 'শকুন্তলা, মিরন্দা এবং দেস্‌দিমোনা' প্রবন্ধে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চরিত্র তিনটির যে তুলনামূলক আলোচনা করেছেন, তা নিজের ভাষায় আলোচনা কর।

(খ) "গীতের যে উদ্দেশ্য, কাব্যের সেই উদ্দেশ্য তাহাই 'গীতিকাব্য'।" 'গীতিকাব্য' প্রবন্ধের অনুসরণে উক্তিটির যথার্থতা বিচার কর।

(গ) 'ধর্ম ও সাহিত্য' প্রবন্ধের বিষয়বস্তু তোমার নিজের ভাষায় ব্যক্ত কর।

৬। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) : ৪

(ক) " 'কুমারসম্ভব'-এ একটিও মনুষ্য নাই।" 'প্রকৃত ও অতিপ্রকৃত' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিচার কর।

(খ) "সাহিত্য ধর্ম্ম ছাড়া নহে, কেন না, সাহিত্য সত্যমূলক।" আলোচনা কর।

(গ) "যাহা ব্যক্ত হয়, তাহা ক্রিয়ার দ্বারা বা কথার দ্বারা। সেই ক্রিয়া এবং কথা নাটককারের সামগ্রী। যেটুকু অব্যক্ত থাকে, সেইটুকু গীতিকাব্য প্রণেতার সামগ্রী।" ব্যাখ্যা কর।

## গ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ১০ )

৭। তোমার মহাবিদ্যালয়ের গ্রন্থাগারের বিষয়ে নিজের অভিজ্ঞতাকে ব্যক্ত করে তোমার বন্ধু/বান্ধবীকে একখানা পত্র লেখ। ১০

*অথবা*

গ্রীষ্মকালে কোন এক সুন্দর জায়গায় একসঙ্গে ছুটি কাটানোর অনুরোধ জানিয়ে প্রিয় বন্ধু/বান্ধবীকে একটি পত্র লেখ। ১০

## ঘ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ১০ )

৮। যে-কোন একটি বিষয়ের উপর প্রবন্ধ রচনা কর : ১০

(ক) কেন্দ্রীয় সরকারের বিমুদ্রাকরণ নীতি ও তার প্রভাব

(খ) পরিবেশ প্রদূষণ এবং অস্তিত্বের সঙ্কট

(গ) সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা

(ঘ) নেতাজী সুভাষচন্দ্র বসু





## ঙ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২০ )

**( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )**

৯। (ক) শ্রীকান্ত চরিত্রে ইন্দ্রনাথের প্রভাব নিরূপণ কর। ১২

*অথবা*

শকুন্তলার চরিত্রটি তুলে ধর। ১২

(খ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) অবলম্বনে মেজদার চরিত্রটি সংক্ষেপে তুলে ধর। ৪

(গ) "খণ্ডকাব্য মধ্যে আমরা অনেক প্রকার কাব্যের স্থান করিয়াছি। তন্মধ্যে এক প্রকার কাব্য প্রাধান্যলাভ করিয়া ইউরোপে গীতিকাব্য (Lyric) নামে খ্যাত হইয়াছে।" গীতিকাব্য সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের ভাবনা সংক্ষেপে বিবৃত কর। ৪

★★★